

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১৭, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
আইন-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ০২ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ/১৭ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং-৩৫৯-আইন/২০১৯।—মোবাইল কোর্ট আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৯ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১৫ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের তফসিলের নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আইনের তফসিলের ক্রমিক নম্বর (৬০) এবং তৎবিপরীতে উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নম্বর ও এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৬০) সড়ক পরিবহন আইন, ২০১৮ (২০১৮ সনের ৪৭ নং আইন) এর ধারা ৬৬, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৮৯, ৯০, ৯১, ৯২, ৯৩, ৯৫, ৯৬, ৯৭, ১০০ (যেক্ষেত্রে কারাদণ্ডের সীমা ২ বৎসরের মধ্যে থাকে), ১০১, ১০২, ১০৩, ১০৪;”।

০২। এই প্রজ্ঞাপন ১ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোস্তাফা কামাল উদ্দীন

সিনিয়র সচিব

জননিরাপত্তা বিভাগ।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৫০২৩)

মূল্য : টাকা ৪.০০